রঘুনাথগঞ্জ শাখার
শুভ উদ্বোধন উপলক্ষে
মাত্র ৬০৲ টাকায় রেডিও
বাকী টাকা কিস্তিতে দেয়
ইলেকট্রনিকের সকল রকম
ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের
১৫ই অক্টোবর পর্য্যন্ত
১০৲ টাকা হইতে ৩০৲ টাকা পর্য্যন্ত
বিশেষ কনশেসন
ধনরাজ পিপাড়া
রঘুনাথগঞ্জ (সদরঘাট), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৪ই ভাদ্র বুধবার, ১৩৭৩ ইং 31st Aug. 1966 { ১৫শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

খাস জনতা
কেরোসিন কুকার
বিপুলতা আধারে।
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
সুলভ ভাণ্ডার
রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস ফেভারিট
স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

১৪ই ভাদ্র বুধবার সন ১৩৭৩ সাল।

# স্বাধীনতার স্বাদহীনতা

—•—

স্বাধীনতা কাহাকে বলে সে সম্বন্ধে আমাদের ব্যক্তিগত কোনও অভিজ্ঞতা নাই। বিদেশী ইংরাজের ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি যখন এ দেশের শাসনভার গ্রহণ করে, তখন হইতে কোন বিপদ হইলে লোকে 'দোহাই কোম্পানি বাহাদুরের'' বলিয়া আত্মরক্ষায় আর্ত্তনাদ করিত। মহারাণী ভিক্টোরিয়া যখন শাসন-কর্ত্তৃত্ব গ্রহণ করেন, তখনও কোম্পানির মুলুক বলিয়া লোকে এ দেশকে অভিহিত করিত। 'মহারাণীর মুলুক'ও না বলিত এমন নয়। পরাধীন দেশের আত্মরক্ষায় 'দোহাই মহারাণীর' বলিয়া অভয় আমন্ত্রণ করিত। এত দিনের পরাধীন আমরা স্বাধীনতার প্রকৃত স্বরূপ কি, স্বাধীনতার স্বাদ কি প্রকার তাহা কেমন করিয়া জানিব।

আমাদের বাল্যকালের একটা ঘটনা মনে পড়ে—আমাদের দেশে বাগানে আম, কাঁঠাল ইত্যাদি ফল ফলিয়া থাকে। তখনও কোন বাবুব বাগানে গোলাপ জাম ফলে নাই। দুই একটি বাগানে জামরুল ফলিয়াছিল। সুজাপুর গ্রামের এক বৃদ্ধ মুসলমান এই জামরুল ফেরী করিয়া বেচিত। সে পাড়ায় পাড়ায় 'চাই গোলাপ জাম' বলিয়া জামরুল দিয়া লোকের গোলাপ জাম খাওয়ার সাধ মিটাইত। তারপর যখন সত্যিকার গোলাপ জাম আসিল, তখন বুঝিলাম, লোকটা আমাদের কি বলিয়া কি খাওয়াইয়া ঠকাইয়াছে। হয় তো সে বেচারার অপরাধ নাই, সেও বোধ হয় জানিত না—গোলাপ জাম কাকে বলে। আমাদের নেতৃবর্গ আমাদের কাছে স্বাধীনতা বলিয়া যে দ্রব্য বিলি করিতেছেন, ভয়ে ভয়ে তাই হাসিমুখে গ্রহণ করিতে হইতেছে। কখনও স্বাধীন দেশে যাই নাই। স্বাধীন দেশের লোক কি সুখ ভোগ করে, সেখানকার খাওয়া পরা আমাদের মত কি না, তাহা তুলনা না করিলে বুঝিতে পারিব না যে স্বাধীনতার স্বরূপ কি? তবে যে স্বাধীনতা আমরা রোজ উপভোগ করিতেছি তা যেন বেশী দিন ভোগ করিলে ধরাধামে বাস করাই দুরূহ বলিয়া মনে হইবে। সবাই বলে—দেশে খাঁটি মানুষ নাই, খাঁটি জিনিস নাই। মানুষ দেখিলেই মনে হয়—হয় তো এ লোকটা হিতাকাঙ্ক্ষীর বেশে চোর। স্বাধীনতা নামটাই আমাদের কাছে শববাহকদের কণ্ঠে হরি-ধ্বনির মত হৃদ্‌কম্প উপস্থিত করে।

বুড়ো বুড়ীদের মুখে আমরা হারাধন কানার দুধ খাওয়ার ভীতির কথা শুনিতাম। হারাধন জন্ম অন্ধ। কাঙালের ঘরে জন্মগ্রহণ ক'রে জ্ঞান হওয়ার পর সে কখনও দুধ খায় নাই। যখন লোকে তাকে বলতো—হারু কানা! দুধ খাবি? সে উত্তর করতো না ভাই ঠোঁট কেটে যাবে। লোকে তার দুধ খেয়ে ঠোঁট কাটার কথা শুনবার জন্য তামাসা ক'রে বলতো হারু দুধ খাবি?

ব্যাপারটা হচ্ছে একদিন হারু তার এক ধনী স্বজাতির বাড়ীতে অতিথি হয়। ধনী তাকে বলে হারু দুধ খাবি?

হারু—দুধ কেমন দাদাবাবু!

ধনী—সাদা বকের মত।

হারু—বক কেমন?

ধনী—ঠোঁট আছে।

হারু—ঠোঁট কেমন?

একটি চাকরের হাতে একখানা কাস্তে ছিল ধনীটি তাই নিয়ে হারুর হাতে দিল। হারু কাস্তেতে হাত বুলিয়ে দেখে বলে উঠলো—না দাদাবাবু, দুধ খাবো না, ঠোঁট কেটে যাবে। আমাদের দেশের ধনী ও ক্ষমতাপন্ন দাদাবাবুরা চাল, ডাল, তেল, কাপড় সব নিয়ে যে চাল চালতে আরম্ভ করেছেন, তাতে আমাদের মত হারু কানার দুধ খেলে ঠোঁট কাটার ভয় পদে পদে। তবুও জাতীয় পতাকার সামনে মস্তক অবনত করিয়া অভিবাদন করি। স্বাধীনতার স্বাদহীনতা কবে দূর হইবে তাহা ভবিতব্যই জানেন।

---

## ভাগীরথী বক্ষে ৪৫ মাইল সন্তরণ

### এসিয়ার বৃহত্তম সন্তরণ প্রতিযোগিতা

গত ২৮শে আগষ্ট রবিবার মুর্শিদাবাদ জেলা সুইমিং এসোসিয়েসনের উদ্যোগে ভাগীরথী বক্ষে ৪৫ মাইল সন্তরণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। জঙ্গিপুর সদর ঘাট হইতে ভোর ৫-২০ মিনিটে ফরাক্কা ব্যারেজ প্রজেক্টের চীফ ইঞ্জিনিয়ার শ্রীদেবেশচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের উপস্থিতিতে প্রতিযোগিতা শুরু হয়। ষোল জন প্রতিযোগী ইহাতে অংশ গ্রহণ করেন।

প্রথম—শ্রীবৈদ্যনাথ নাথ ( কলিকাতা স্পোর্টস্ এসোসিয়েসন ) সময় ৯ ঘণ্টা ২৯ মিঃ

দ্বিতীয়—শ্রীদেবীপ্রসাদ দত্ত ( কলিকাতা ষ্টেট ট্রান্সপোর্ট ) সময় ৯ ঘণ্টা ৫১ মিঃ

তৃতীয়—শ্রীহরেকৃষ্ণ ব্যানার্জ্জী ( কলিকাতা ) সময় ১০ ঘণ্টা।

জিয়াগঞ্জ সদর ঘাট হইতে ১৩ মাইল সন্তরণ প্রতিযোগিতায় ৩১ জন অংশ গ্রহণ করিয়াছিলেন।

প্রথম—শ্রীকালীকিঙ্কর মণ্ডল ( ইষ্টার্ণ রেলওয়ে )

দ্বিতীয়—শ্রীদুলাল মণ্ডল ( বাগবাজার ইউনাইটেড ক্লাব )

তৃতীয়—শ্রীসাধন বৈদ্য ( আগরতলা, ত্রিপুরা )

এই সন্তরণ প্রতিযোগিতায় বিশেষ উল্লেখযোগ্য ১২ বৎসরের কুমারী কাজল ঘোষ এই দীর্ঘ পথ সন্তরণ শেষ করে ২ ঘণ্টা ৩৫ মিনিটে।

---

Wanted a part-time Craft-teacher ( wood ) for Muralipukur Senior Basic School P. O. Mahesile (Murshidabad). Apply immediately to the Secretary.

রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধানা শিক্ষিকার

## উচ্চ শিক্ষার্থে লণ্ডন যাত্রা

আমরা অত্যন্ত আনন্দের সহিত জানাইতেছি যে রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধানা শিক্ষিকা মাননীয়া শ্রীযুক্তা শকুন্তলা চৌধুরী এম-এ, বি-টি, মহাশয়া ভারত সরকার প্রেরিত ও নির্ব্বাচিত "কমনওয়েল্থ স্কলার শিপ" অর্জ্জন করিয়া ইংরাজী বিষয়ে বিশেষ অধ্যয়ন করিবার জন্য জাহাজযোগে ৮ই সেপ্টেম্বর, ১৯৬৬ লণ্ডনের পথে যাত্রা করিতেছেন।

তিনি আট বৎসর যাবৎ উক্ত বিদ্যালয়ে প্রধানা শিক্ষিকারূপে বিশেষ যোগ্যতার সহিত কাজ করিতেছেন। বিদ্যালয় পরিচালনায় তাঁহার ব্যক্তিত্ব ও সুশিক্ষা সকলেরই দৃষ্টি আকর্ষণ করিয়াছে। আমরা সকলেই তাঁহার সাফল্যে আনন্দ ও গৌরব বোধ করিতেছি।

## ৯ কে. জি বে-আইনী গাঁজা উদ্ধার

গত ৩রা ভাদ্র ( ইং ২০-৮-৬৬ ) তারিখে ফরাক্কা রেলষ্টেশনে বে-আইনী গাঁজা লইয়া যাইবার অভিযোগে লছমি সিং নামক এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। প্রকাশ উক্ত ব্যক্তি গুপ্তভাবে ৯ কেজি গাঁজা বহন করিতেছিল। ফরাক্কাস্থিত ই-আই-বি ( অবগারী ) অফিসার ইন চার্জ্জ শ্রীরমেন্দ্রনাথ পাল তাহার সন্দেহজনক গতিবিধির উপর সজাগ দৃষ্টি রাখিয়া বিশেষ তৎপরতার সহিত তাহাকে গ্রেপ্তার করেন। উক্ত রমেন বাবু পূর্ব্বে প্রায় ২৫ হাজার টাকা মূল্যের বে-আইনী গাঁজা ও আফিম উদ্ধার করিয়া সততা ও কর্ত্তব্যনিষ্ঠার বিশেষ পরিচয় দিয়াছেন।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১২ই সেপ্টেম্বর, ১৯৬৬

১৯৬৩ সালের ডিক্রীজারী

৩৫ মনি ডিঃ চাম্পালাল সেরাওগী দেং গণপতি মণ্ডল দিং দাবি ৯৭'৭৯ পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে দিয়াড় রাণীনগর ১২ শতকের কাত ১'৮৭ পয়সা আঃ ১০৲ খং ২৯৬ রায়ত স্থিতিবান স্বত্ব

২নং লাট মৌজাদি ঐ ৭২ শতকের কাত ১।৭ আঃ ৫০৲ খং ১৫৮ ঐ স্বত্ব

১৯৬৫ সালের ডিক্রীজারী

১২ মনি ডিঃ সত্যেন্দ্রনাথ দাস দেং কালীকিঙ্কর দাস দাবি ৫০'৮৪ পয়সা ৩০০ শঃ জমির মধ্যে $\frac{1}{5}$ অংশে ৬০ শঃ আঃ ৪০৲

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২৬শে সেপ্টেম্বর, ১৯৬৬

১৯৬১ সালের ডিক্রীজারী

১৪৭ পার্টিসন ডিঃ মৌলবী আলতাফুর রহমান দেং দবিরুদ্দিন সেখ দিং [illegible] থানা সাগরদীঘি মৌজে বড়গড়া ১৪ শঃ পুকুর প্রকাশ্য নাম ঈশানগড়ে আঃ ২০০০৲

১৯৬৫ সালের ডিক্রীজারী

১৪ মনি ডিঃ আঃ ফুরকান নাঃ পক্ষে অলিপিতা ও স্বয়ং এস্তেকান সেখ দেং নিয়ামত সেখ দাবি ৭৫৯'৭২ পয়সা থানা সাগরদীঘি মৌজে কিসমত নিম্পিবিরল ২০ শঃ জমি আঃ ২০০৲ খং ৪০৩ রায়ত স্থিতিবান স্বত্ব

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

২২৫ নং ৬৬ অন্য

বাদী—কলিমুদ্দিন মির্জা দিং

বিবাদী—আরেফা খাতুন দিং

এতদ্দ্বারা থানা সাগরদীঘির অধীন তসপাড়া মৌজার সর্ব্বসাধারণকে জানান যায় যে উক্ত বাদী উক্ত বিবাদী নামে ভ্রমাত্মক রেকর্ড এর বিরুদ্ধে এক চিরস্থায়ী নিষেধাজ্ঞার মামলা করিয়া উক্ত মৌজার ১২৯নং খতিয়ানে ২০০।৩৮২।৪১৯।২৭২নং দাগে সর্ব্বসাধারণের ব্যবহার্য্য লিখিত হওয়ায় বাদী দেওয়ানী কার্য্যবিধি আইনের অর্ডার ১ রুল ৮ মতে মোকর্দ্দমা আনয়ন করিয়া সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি দেওয়া হইল উহাতে আপনাদের কোন আপত্তি থাকিলে আগামী ১৯৬৬ সালের ১৬।৯ তারিখে বেলা ১০॥০ টার সময় জঙ্গিপুর মুন্সেফী আদালতে উপস্থিত হইয়া কারণ দর্শাইবেন। ইতি—

By Order
H. K. Roy
Sheristadar,
2nd Munsif's Court, Jangipur.

## মুর্শিদাবাদ
## জেলা পরিষদ অফিস
### পোঃ বহরমপুর

## কর্ম্মখালির বিজ্ঞপ্তি

এই জেলার নিম্নোক্ত অঞ্চল পঞ্চায়েত সমূহের প্রত্যেকটিতে একজন হিসাবে অঞ্চল সেক্রেটারীর পদে নিয়োগের জন্য ভারতীয় নাগরিকগণের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

বেতন হার :—টাকা ৫০-১-৬৮-২ ৮০ ও তদুপরি নিয়মানুযায়ী মহার্ঘ ও অন্যান্য ভাতা।

যোগ্যতা :—অন্যূন স্কুল ফাইন্যাল বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ প্রাক্তন ইউনিয়ন বোর্ড কেরাণী প্রার্থীর ক্ষেত্রে ইহা শিথিল যোগ্য।

বয়ঃসীমা :—২৫—৩০ বৎসর। প্রাক্তন ইউনিয়ন বোর্ড কেরাণী প্রার্থীর ক্ষেত্রে ইহা শিথিল যোগ্য।

প্রার্থীগণকে নিজ নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা, বয়স অনুরূপ পদে পূর্ব্ব অভিজ্ঞতা প্রমাণ, নৈতিক চারিত্রের প্রশংসাপত্র প্রভৃতি সহ নিম্ন স্বাক্ষরকারীর কার্য্যালয়ে আগামী ১২ই সেপ্টেম্বর ১৯৬৬ বা তৎপূর্ব্বে দরখাস্ত দাখিল করিতে হইবে। কোন্ অঞ্চলের সেক্রেটারী পদের প্রার্থী তাহা দরখাস্তে পরিষ্কারভাবে লিখিয়া দিতে হইবে। ইন্টারভিউ এর জন্য উপস্থিত হইতে হইলে কোন খরচ দেওয়া হইবে না।

হরিহরপাড়া ব্লকের অধীন রায়পুর অঞ্চল।
ডোমকল ব্লকের অধীন রায়পুর, ধুলাউরি অঞ্চল।
বেলডাঙ্গা নং ২ ব্লকের অধীন কাশীপুর অঞ্চল।
ফরাক্কা ব্লকের অধীন ইমামনগর অঞ্চল।

স্বাঃ আবদুস সাত্তার,
চেয়ারম্যান,
মুর্শিদাবাদ জেলা পরিষদ।
২৬-৮-৬৬

**আমাদের ত্রুটি :**—প্রেসের কর্ম্মচারিগণের অসুস্থতার জন্য গত ৭ই ভাদ্র ইং ২৪-৮-৬৬ তারিখের "জঙ্গিপুর সংবাদ" প্রকাশ করা সম্ভব হয় নাই। —প্রকাশক





**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি. কে. সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬



## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

***ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের***

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )